



শুরু হচ্ছে 'চট্টগ্রাম আইসিটি ফেয়ার ২০১০'

ইনপেইস ম্যানেজমেন্ট সার্ভিসেস লিমিটেড-এর আয়োজনে ১৬ ফেব্রুয়ারি থেকে বন্দর নগরী চট্টগ্রামে শুরু হচ্ছে "চট্টগ্রাম আইসিটি ফেয়ার ২০১০" শীর্ষক কম্পিউটার ও যোগাযোগ প্রযুক্তি মেলা। চট্টগ্রামের উডল্যান্ড পার্কে তিন দিনব্যাপী এই আইসিটি ফেয়ার অনুষ্ঠিত হবে। বিশ্বখ্যাত কম্পিউটার প্রযুক্তি প্রস্তুতকারক প্রতিষ্ঠান, টেলিযোগাযোগ কোম্পানি এবং ওয়াই ম্যাক্স কোম্পানি এই আইসিটি ফেয়ারে অংশগ্রহণ করবে।

আইসিটি মেলার উদ্বোধন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী। মেলার মিডিয়া পার্টনার হিসেবে থাকবে

CHITTAGONG ICT FAIR'10

আইসিটি মিডিয়া পার্টনার সিনিউজ, দৈনিক আজাদী, রেডিও পার্টনার রেডিও টুডে।

চট্টগ্রামে অবস্থিত স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়-এর ছাত্রছাত্রীদের এবং জনসাধারণকে কম্পিউটার এবং কমিউনিকেশন প্রযুক্তি সম্পর্কে আরো বিস্তারিত ধারণা দেয়ার উদ্দেশ্যে এবং সর্বাধুনিক প্রযুক্তি তাদের দোরগোড়ায় পৌঁছে দিতে মেলায় বিভিন্ন শিক্ষামূলক কার্যক্রমের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া সর্বাধুনিক সব প্রযুক্তি এবং সকল প্রকার হার্ডওয়্যার ও সফটওয়্যার সরবরাহে চট্টগ্রাম যে এখন স্বয়ংসম্পূর্ণ তা চট্টগ্রামবাসীকে জানানো এই মেলা আয়োজনের আরেকটি মূল উদ্দেশ্য।

"চট্টগ্রাম আইসিটি ফেয়ার ২০১০" সম্বন্ধে বিস্তারিত আলোচনা এবং সংবাদ মাধ্যমকে এই আয়োজনের অবিচ্ছেদ্য অংশ হিসেবে সংযুক্ত করার উদ্দেশ্যে ২৬ জানুয়ারি ইনপেইস-এর অফিসে এক প্রেস ব্রিফিং আয়োজন করা হয়। ইনপেইস ম্যানেজমেন্ট সার্ভিসেস লি.-এর

ব্যবস্থাপনা পরিচালক মোঃ কামরুল আহসান মেলা সম্পর্কে বিস্তারিত বর্ণনা করেন। মেলায় দর্শনার্থীদের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান হতে নানা রকমের কুইজ প্রতিযোগিতা, উপহার এবং বিশেষ মূল্য ছাড়ের ব্যবস্থা থাকবে বলে আশা করা হচ্ছে। মেলা প্রাঙ্গণ তার বিহীন ইন্টারনেট যে কেউ বিনামূল্যে ব্যবহার করতে পারবে। এছাড়া দর্শনার্থীদের জন্য গেমিং জোন এবং ইন্টারনেট ব্রাউজিং সেন্টার থাকবে। আয়োজকদের পক্ষ থেকেও বিশেষ র্যাফেল ড্র

আয়োজন করার পরিকল্পনা রয়েছে। মেলা প্রতিদিন সকাল ১০টায় শুরু হয়ে সন্ধ্যা ৭টা পর্যন্ত জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে।

মেলার প্রবেশ মূল্য নির্ধারণ করা হয়েছে ২০ টাকা; তবে স্কুলের শিক্ষার্থীদের জন্য প্রবেশ ফ্রি থাকবে। মেলা চলবে ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত।

এক নজরে মেলার অংশ বিশেষ
মেলার স্থান: উডল্যান্ড পার্ক, মুরাদপুর ষোলশহর, চট্টগ্রাম

মেলার সময়কাল: ১৬-১৮ ফেব্রুয়ারি
সময়: সকাল ১০টা - সন্ধ্যা ৭টা
টিকেট মূল্য: ২০ টাকা

মেলার মিডিয়া পার্টনার: আইসিটি মিডিয়া পার্টনার সিনিউজ, দৈনিক আজাদী, রেডিও পার্টনার রেডিও টুডে।



যোগাযোগ:
ইনপেইস ম্যানেজমেন্ট সার্ভিসেস লিমিটেড
ফোন: ৯১২৭০৬২, ৮১১৯৫৩৬,
০১৭১৫১৩১৫৪৩

৪৫ পৃষ্ঠার পর

জন্য ট্রিম অপশনে রয়েছে দুই ধরনের সময়, স্টার্ট টাইম, এন্ড টাইম। সব কিছু সিলেক্ট করা হয়ে গেলে ওকে বাটনে প্রেস করুন।



ক্রপ অপশনে রয়েছে: ভিডিও ফাইল ক্রপ করার জন্য এখানে জুম মোড রয়েছে। আপনার পছন্দ অনুযায়ী কনফিগারেশন ব্যবহার করে ভিডিও ফাইলকে ক্রপ করতে পারেন।



নিচে ইফেক্টস, ট্রিম, ক্রপ পদ্ধতির একটি চিত্র দেয়া হয়েছে।



আমাদের প্রয়োজন অনুযায়ী অনেক সময় বড় কোনো ছবি নির্দিষ্ট অংশ বা ভিডিও গানকে আলাদা করার জন্য ট্রিম অপশনটি ব্যবহার করতে পারি। ভিডিও ফাইলের ইফেক্টস-এও পরিবর্তন করতে পারি। এই ছোট সফটওয়্যারটি ব্যবহার করে আমাদের চাহিদার অনেকটাই পূরণ করা যাবে। এটি ব্যবহার করে আপনার পছন্দ অনুযায়ী গান বা মুভিকে আপনার মোবাইলে লোড করে ব্যবহার করতে পারেন। এর জন্য আপনাকে বাড়তি কোনো পয়সা খরচ করতে হবে না।

৪৫ পৃষ্ঠার পর

আপনার প্রিন্টার কনফিগার করার জন্য একটি উইন্ডো প্রদর্শিত হবে। এখানে আপনার ডিভাইসের ধরন অনুযায়ী পোর্ট সিলেক্ট করে প্রিন্টার কনফিগারেশনটি সেট করে নিন।

প্রিন্টার কনফিগারেশন সম্পন্ন হয়ে গেলে কোনো লেখা প্রিন্ট করে দেখুন কনফিগারেশন ঠিকভাবে হয়েছে কিনা।

Service Settings: আপনার অপারেটিং সিস্টেমের সার্ভিস সেটিং পরিবর্তন করার জন্য রয়েছে সার্ভিস সেটিংস অপশন। এখানে সার্ভিসসমূহ Lock অবস্থায় থাকে কিন্তু আপনি যে ইউজার দিয়ে উবুন্টুতে লগইন করেছেন তার পাসওয়ার্ড দিয়ে সার্ভিসসমূহকে আনলক করতে

পারেন। System মেন্যু হয়ে Administration মেন্যু থেকে Services-এ ক্লিক করলে যে উইন্ডো প্রদর্শিত হবে সেখানে বেশ কিছু সার্ভিস থাকবে যা আপনার প্রয়োজন অনুযায়ী আন-লক করে ব্যবহার করতে পারেন।



Actions scheduler (anacron, atd, cron),

Audio settings management, automated crash reports, Bluetooth device management, Computer activity logger সহ আরো অনেক ধরনের সুবিধা এখানে রয়েছে। উপরে আলোচনা করা সাব মেন্যুগুলো খুবই অল্প কথায় বর্ণনা করা হয়েছে, কিন্তু এখানে অনেক ধরনের অপশন রয়েছে যা আপনি ব্যবহার করতে গেলেই দেখতে পাবেন।

কোনো কনফিগারেশন পরিবর্তন করার আগে ভালভাবে বুঝে নিন। উবুন্টু নিয়মিত আপডেট হচ্ছে, তাই এখানে আলোচনায় যেসব তথ্য দেয়া হচ্ছে তা সব ভারসনে নাও থাকতে পারে। তাই বলে হতাশ হবেন না, আপনার অপারেটিং সিস্টেমে যেসব সুবিধা রয়েছে তা এক এক করে ব্যবহার করে দেখুন।